JUSTICE AGENDA
NO TIME TO WAIT

**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 7/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো নতুন এলমন্ট ট্রেন স্টেশন, 50 বছরের মধ্যে প্রথম নতুন পূর্ণ-সময়ের লং আইল্যান্ড রেল রোড (LONG ISLAND RAIL ROAD, LIRR) স্টেশনের কথা ঘোষণা করেছেন

***এখানে* উপলব্ধ স্টেশনের তর্জমাগুলি**

***বেলমন্ট পুনর্গঠন বাত্সরিক অর্থনৈতিক ফলাফলে 725 মিলিয়ন ডলার এবং সরকারী রাজস্বে প্রায় 50 মিলিয়ন ডলার সৃষ্টি করবে দেখিয়ে নতুন বিশ্লেষণ প্রকাশ করেছে***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে রূপান্তরমূলক 1.26 বিলিয়ন ডলার বেলমন্ট পার্ক পুনর্গঠন প্রকল্প (Belmont Park Redevelopment Project) একটি পূর্ণ-সময়ের লং আইল্যনাড রেল রোড (Long Island Rail Road, LIRR) ট্রেন স্টেশনের সুবিধাপ্রাপ্ত হবে, এই স্টেশনটি গত প্রায় 50 বছরের মধ্যে প্রথম পূর্ণ-সময়ের LIRR স্টেশন, যা যানবাহনের সমস্যা সমাধানে সহায়তা করবে এবং এলমন্ট কমিউনিটিকে একটি নতুন সুবন্দোবস্ত প্রদান করবে। সেইসাথে, গভর্নর কুওমো প্রকল্পটির অর্থনৈতিক প্রভাবের একটি বিশ্লেষণ প্রকাশ করেছেন, যেটিতে দেখা গেছে নতুন অঙ্গন, হোটেল এবং রিটেল ভিলেজ প্রতিবছর প্রায় 50 মিলিয়ন ডলার সরকারী রাজস্ব এবং অর্থনৈতিক ফলাফলে 725 মিলিয়ন ডলার সৃষ্টি করবে।

"বেলমন্ট প্রকল্পটি অঞ্চলের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করবে সেইসাথে লং আইল্যান্ডে, ওই অঞ্চলের অধিবাসীদের নিজের জায়গায় একটি অত্যাধুনিক সুবিধা গড়ে তুলবে, যা সহস্রাধিক কর্মসংস্থান তৈরি করবে এবং অর্থনৈতিক ফলাফলে লক্ষাধিক মিলিয়ন ডলার সৃষ্টি করবে", **গভর্নর কুওমো বলেন।** "এখন, গত প্রায় 50 বছরের মধ্যে এই প্রথম পূর্ণ-সময়ের LIRR ট্রেন স্টেশনটির সংযুক্তির মাধ্যমে, আমরা লক্ষাধিক ভিজিটর এবং অনুগামীদের সেখানে পৌঁছাবার একটি দ্রুত এবং সাশ্রয়ী ব্যবস্থা প্রদান করব এবং নিউ ইয়র্কের একবিংশ শতাব্দীর (21st century) পরিবহন ব্যবস্থার পরিকাঠামোতে বিনিয়োগগুলি অব্যাহত রাখব যা সমগ্র দেশকে পথ দেখাবে।"

"বেলমন্টে এই লং আইল্যান্ড রেল রোড ট্রেন স্টেশন যোগাযোগ ব্যবস্থা আরও সহজ করে অঞ্চলটিকে বদলে দেবে, এবং যানবাহন হ্রাস করতে সহায়তা করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "একটি নতুন পুর্ণ-সময়ের LIRR স্টেশন দ্বারা সুবিধাপ্রাপ্ত বেলমন্ট পুনর্গঠন প্রকল্পটি একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক প্রভাব ফেলবে এবং বার্ষিক প্রায় 50 মিলিয়ন ডলার সরকারী রাজস্ব সৃষ্টি করবে বলে আশা করা হচ্ছে। এই স্টেশনটি নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নত করবে এবং লং আইল্যান্ডের সামগ্রিক অর্থনীতিকে আরও শক্তিশালী করে, কমিউনিটিটিকে পুনরুজ্জীবিত করবে।"

**আইল্যান্ডার্স সহ-স্বত্বাধিকারী জন লেডেকি বলেছেন,** "আজ আমরা আমাদের বিশ্বস্ত অনুগামীদের নিয়ে উদযাপন করছি এবং গভর্নর কুওমো, নির্বাচিত কর্মকর্তা এবং কমিউনিটিকে তাদের অবিরত সমর্থনের জন্য ধন্যবাদ জানাচ্ছি। পরবর্তী স্টপ: বেলমন্ট!"

আজ পরের দিকে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বোর্ড (Empire State Development, ESD) প্রকল্পটির চূড়ান্ত পরিবেশগত প্রভাবের বিবৃতি বিবেচনা করবে বলে আশা করা হচ্ছে, যা প্রকল্পটিকে চূড়ান্ত সরকারী অনুমোদনের প্রক্রিয়ার আরও কাছে নিয়ে যাবে। আজ পর্যন্ত ESD প্রকল্পটির উপর 11টি পাবলিক মিটিং, 20টি কমিউনিটি উপদেষ্টা কমিটি (Community Advisory Committee) এবং নির্বাচিত কর্মকর্তার বক্তব্য, এবং 27টি সাইট টুর এবং ছোটোখাটো মিটিং এর আয়োজন করেছে। এই ব্যাপক কমিউনিটি অংশগ্রহণের প্রচেষ্টার কারণে ESD হোটেলের সর্বাধিক উচ্চতা 100 ফুট কমিয়েছে, প্রকল্পটির রিটেল ব্যবসার অঞ্চল 435,000 বর্গ ফুট থেকে কমিয়ে 350,000 বর্গ ফুট করেছে, একটি পরিকল্পিত পাবলিক সার্ভিস এন্টারপ্রাইজ গ্রুপ (Public Service Enterprise Group, PSEG) সাবস্টেশন একটি স্থানীয় স্কুল থেকে দূরে সরিয়েছে, যানবাহনের সমস্যা সমাধান করতে একটি নতুন LIRR স্টেশন যোগ করেছে, এবং স্থানীয় এলমন্ট পার্কগুলির সংস্করণ করার প্রতিশ্রুতি দিয়েছে।

**LIRR প্রেসিডেন্ট ফিলিপ ইং বলেছেন,** "আমরা এই পরিকল্পনাটিতে খুশি, যে পরিকল্পনাটি সারা বছর ধরে পূর্ণ-সময় এলমন্ট কমিউনিটিতে আমাদের যাতায়াতের সুযোগ করে দেবে এবং পুনর্গঠিত বেলমন্ট পার্কে একটি দ্বিতীয় স্টেশন প্রদান করবে, এবং এসবরে জন্য LIRR এর কোনো নির্মাণ ব্যয় বহন করতে হবে না। এই নতুন স্টেশন আমাদের লং আইল্যান্ড সেইসাথে নিউ ইয়র্ক থেকে মেইন লাইনে ট্রেনে করে আমাদের বেলমন্টে পৌঁছাবার সরাসরি পরিষেবা প্রদান করবে, যা আরও ভালো পরিষেবার বিশ্বস্ততা এবং নমনীয়তার জন্য একটি তৃতীয় ট্র্যাকে সম্প্রসারিত করা হবে। সরকারী পরিবহন ব্যবস্থা সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গী এবং অঙ্গীকারবদ্ধতার জন্য আমি গভর্নর কুওমো, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, এবং নিউ ইয়র্ক এরিনা পার্টনারদের (New York Arena Partners) ধন্যবাদ জানাই।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হাওয়ার্ড যেমস্কি বলেন,** "আমরা যে কমিউনিটির মতামত শুনি এবং পদক্ষেপ নিই, এই নতুন ট্রেন স্টেশনটি তারই প্রমাণ। বেলমন্ট পার্ক, আইল্যান্ডার্স' এরিনা, হোটেল এবং রিটেল ভিলেজে সরাসরি পৌছানোর সুযোগ প্রদান করা আরও বেশি নিউ ইয়র্কবাসী এবং ভিজিটরদের লং আইল্যান্ডে অবসর বিনোদনের জন্য আকর্ষিত করবে - যার ফলে লক্ষাধিক ডলারের আমদানির মাধ্যমে আঞ্চলিক অর্থনীতির উন্নয়ন ঘটবে।"

**নতুন LIRR স্টেশন**

নতুন ট্রেন স্টেশনটি LIRR এর মেইন লাইনের উপর, ক্রস আইল্যান্ড পার্কওয়ের ঠিক পূর্বদিকে কুইন্স ভিলেজ এবং বেলিরোজ স্টেশনদুটির মধ্যে অবস্থিত হবে। ইলেকট্রিক শাটেল বাস - যেগুলি বেলমন্ট পার্কের ভিতরের পার্কিংয়ের জায়গা থেকে এরিনা অঞ্চল পর্যন্ত চলাচল করবে বলে ইতমধ্যে

পরিকল্পনা করা হয়েছে – যেটি গ্র্যান্ডস্ট্যান্ড এবং পরিকল্পিত এরিনা, হোটেল এবং রিটেল ভিলেজে ভ্রমণরত LIRR আরোহীদের নিয়েও আসা যাওয়া করবে। সেইসাথে, বেলমন্ট স্টেকস এর মতো প্রধান ইভেন্টগুলির সময় নতুন পূর্ণ-সময়ের স্টেশনটি বিদ্যমান বেলমন্ট স্পার স্টেশনের উপর চাপ কমাবে, এবং 2018 সালে যেমন পরিষেবার বিঘ্ন ঘটেছিল সেরকম ক্ষেত্রে অত্যন্ত-প্রয়োজনীয় বিকল্প ব্যবস্থা প্রদান করবে।

গুরুত্বপূর্ণভাবে, LIRR স্পার, যেটি শুধুমাত্র পশ্চিমদিকে যাতায়াত করে, তার তুলনায় নতুন স্টেশনটি পূর্ব এবং পশ্চিম উভয় দিক থেকে বেলমন্ট পার্কে সরাসরি যাতায়াত করার সুযোগ দেবে। এখন, বেলমন্টের পূর্ব থেকে আসা লং আইল্যান্ডবাসীরা, যাদের বাধ্য হয়ে আগের বেলমন্ট পার্ক থেকে জামাইকা স্টেশনে যেতে হয় এবং তারপর আরও একটি ট্রেনে করে পিছন দিকে এসে স্পারের ট্রেন ধরতে হয়, যে সকল যাত্রী বেলমন্টের পূর্বে হেম্পস্টেড, ওয়েস্টার বে, পোর্ট জেফারসন এবং রনকোনকোমা শাখায় বসবাস করেন, তাদের জন্য সরাসরি বেলমন্ট পার্কে যেতে একটি একক-আসনের সার্বজনীন পরিবহন থাকবে। এটি যাতায়াতের সময় কমাবে এবং ইভেন্টগুলিতে অংশগ্রহণ করতে গাড়ী চালিয়ে আসার পরিবর্তে যে সকল মানুষ সার্বজনীন যানবাহন ব্যবহার করেন তাদের সংখ্যা বাড়াবে বলে আশা করা হচ্ছে, গাড়ীর ব্যবহার কমার ফলে ভিড়ও কমবে।

বেলমন্ট পার্ক এবং নতুন এরিনা, হোটেল এবং রিটেল ভিলেজে যাতায়াতের একটি নিয়মিত, পূর্ণ-সময়ের সার্বজনীন পরিবহন ব্যবস্থা প্রদান করার পাশাপাশি, নতুন ট্রেন স্টেশনটি অঞ্চলের অধিবাসীদের একটি অতিরিক্ত যাতায়াতের বিকল্প ব্যবস্থা হিসাবেও কাজ করবে – কমিউনিটিটির যে ব্যবস্থাটি দীর্ঘদিন ধরে প্রয়োজন ছিল। স্টেশনটি দিয়ে ব্যস্ত সময়ে আনুমানিক আধা ঘণ্টা অন্তর এবং অন্য সময় এক ঘণ্টা অন্তর ট্রেন চলাচল করবে বলে আশা করা হচ্ছে। বেলমন্ট রেস ট্র্যাকের উত্তরদিকের পার্কিংয়ের জায়গাটি, যেখানে 2,860 জায়গা আছে, সেগুলি যাত্রী এবং এরিনায় আসা মানুষ শেয়ার করবেন।

স্বয়ংক্রিয় ট্র্যাক সুইচগুলির ইনস্টলেশন সহ বিদ্যমান LIRR বেলমন্ট স্পারের যে আপগ্রেডগুলির জন্য আগে সম্মতি দেওয়া হয়েছিল, সেগুলিও এই প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই আপগ্রেডগুলি একটি ইভেন্টের পরে ট্রেনগুলিকে স্পারটি ছেড়ে বেলমন্টের পূর্ব ও পশ্চিম উভয়দিকের স্টেশনগুলিতে যাতায়াতের সুযোগ করে দেবে – যা ইভেন্টের পরে অংশগ্রহণকারী মানুষদের আরও একটি সার্বজনীন পরিবহনের বিকল্প প্রদান করবে।

LIRR এর মেইন লাইনে নতুন পূর্ণ-সময়ের স্টেশনটি নির্মাণ করতে এবং বিদ্যমান স্পারটি আপগ্রেড করতে আনুমানিক খরচ হবে 105 মিলিয়ন ডলার। এরিনা ডেভেলপাররা 97 মিলিয়ন ডলার – মোট খরচের 92 শতাংশ ব্যয় করবেন – এবং স্টেট 8 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে।

**অর্থনৈতিক বিশ্লেষণ**

BJH Advisors (BJH অ্যাডভাইজরস) দ্বারা প্রস্তুত বেলমন্ট পুনর্গঠন প্রকল্পের বিশ্লেষণ অনুযায়ী, প্রকল্পটি, নির্মাণ শিল্পে আনুমানিক 10,000 কর্মসংস্থান এবং 3,200 স্থায়ী কর্মসংস্থান সৃষ্টি করে,

বছরে প্রায় 50 মিলিয়ন ডলার নতুন সরকারী রাজস্ব সৃষ্টি করে, বাত্সরিক অর্থনৈতিক ক্রিয়াকলাপে প্রায় 725 মিলিয়ন ডলার তৈরি করে এবং বছরে কর্মচারিদের প্রায় 133 মিলিয়ন ডলার আয় সৃষ্টি করে, অঞ্চলের অর্থনীতিকে উজ্জীবিত করবে।

নতুন এরিনা, হোটেল, রিটেল ভিলেজ এবং LIRR স্টেশন নির্মাণ সম্পর্কিত এক-কালীন অর্থনৈতিক সুবিধাগুলির মধ্যে অন্তর্ভুক্ত:

- নির্মাণ থেকে মোট 2 বিলিয়ন ডলারের অর্থনৈতিক সুবিধা
- 78,000 ডলার গড় বেতন সহ নির্মাণ শিল্পে 6,900 সরাসরি কর্মসংস্থান এবং নির্মাণ শিল্পের সাথে জড়িত ক্ষেত্রগুলিতে 3,100 কর্মসংস্থান
- নির্মাণ শিল্পে কর্মসংস্থানের থেকে মোট 707 মিলিয়ন ডলার উপার্জন

2024 সালে যে এরিনা, হোটেল এবং রিটেল ভিলেজের অপারেশন শুরু হবে সেই সম্পর্কিত বার্ষিক অর্থনৈতিক ও রাজস্ব সংক্রান্ত সুবিধাগুলির মধ্যে অন্তর্ভুক্ত:

- মোট 725 মিলিয়ন ডলার বাত্সরিক আর্থিক সুবিধা
- এরিনার সাথে সম্পর্কিত 750টি প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান এবং হোটেল, অফিস, কমিউনিটি স্পেস এবং রিটেল ভিলেজের সাথে সংযুক্ত 2,450টি প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান
- বছরে 133 মিলিয়ন ডলার কর্মচারিদের প্রত্যক্ষ ও পরোক্ষ উপার্জন
- নাসাউ কাউন্টি, নিউ ইয়র্ক স্টেট, ডি টাউন অফ হেম্পস্টেড এবং মেট্রোপলিটান ট্রান্সপোর্ট অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) এর 44 মিলিয়ন ডলার কর সম্পর্কিত নতুন আয়
- পরবর্তী 49 বছর ধরে মোট 272 মিলিয়ন ডলারের পাইলট (PILOT) পেমেন্টগুলি, যার মধ্যে অন্তর্ভুক্ত:
    - এলমন্ট এবং সেওয়ানাকা স্কুল ডিস্ট্রিক্টস কে 154 মিলিয়ন ডলার
    - নাসাউ কাউন্টিকে 103 মিলিয়ন ডলার
    - এলমন্ট ফায়ার ডিস্ট্রিক্টকে 15 মিলিয়ন ডলার

সামগ্রিকভাবে, প্রতি 1.00 ডলার বেসরকারী বিনিয়োগের জন্য, আরও 1.40 ডলার অর্থনৈতিক সুবিধা সৃষ্টি হবে।

সম্পূর্ণ বিশ্লেষণোটি দেখতে, [এখানে]() ক্লিক করুন।

**প্রতিনিধি গ্রেগরি মিক্স বলেন,** "নির্মাণ শিল্পে এবং নতুন LIRR স্টেশন উভয় জায়গায়, এবং বেলমন্টেতে আসা মানুষদের পরিষেবা প্রদানকারী হোটেল ও রিটেল ভিলেযে কর্মসংস্থান তৈরি করে, বেলমন্ট পুনর্গঠন প্রকল্পটি স্টেটের অব্যবহৃত ভূভাগকে লং আইল্যান্ড এবং কুইন্সের জন্য একটি অর্থনৈতিক উদ্দীপকে রূপান্তরিত করবে। আজকের ঘোষণা সার্বজনীন পরিবহনের ক্ষেত্রে নিউ ইয়র্কের

বিনিয়োগের অঙ্গীকারবদ্ধতা প্রমাণ করে, এবং এই প্রকল্পটিকে সফল করে তুলতে একসাথে কাজ করার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাবো।"

"আমার সহকর্মীবৃন্দ এবং আমি, স্থানীয় কমিউনিটি নেতৃবৃন্দের সাথে কাজ করে, বেলমন্ট পুনর্গঠন প্রকল্পটির একটি অংশ হিসাবে একটি পূর্ণ-পরিষেবার LIRR স্টেশনের অন্তর্ভুক্তির জন্য আপ্রাণ চেষ্টা করেছিলাম কারণ আমরা বুঝেছিলাম যে এই পরিকল্পনাটির দীর্ঘকালীন সাফল্য বেলমন্ট পার্ক এবং কুইন্স ভিলেজ-এলমন্ট অঞ্চলে যাতায়াতের অ্যাক্সেসের উল্লেখযোগ্য উন্নতির উপর নির্ভরশীল।", **সেনেটর লেরয় কমরি বলেছেন।** "এই নতুন স্টেশনটি, নির্মাণ শিল্পে 10,000 কর্মসংস্থান এবং 3,200 স্থায়ী কর্মসংস্থান তৈরি করে, শুধুমাত্র পুনর্গঠন প্রকল্পটির মেরুদন্ডই হয়ে উঠবে না, সেইসাথে কুইন্স ভিলেজ এবং বেলেরোজ স্টেশন এবং ক্রস আইল্যান্ড পার্কওয়ের প্রচুর যানবাহনের কারণে ভুক্তভোগী মানুষদেরও স্বস্তি দেবে। আমি, গভর্নর কুওমো, MTA/LIRR, ESD কে ধন্যবাদ জানাবো এবং নিউ ইয়র্ক একটি স্টেট যে স্থানীয় অংশীদারদের থেকে ইনপুট নিয়ে গুরুত্বপূর্ণ অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পগুলি সম্পূর্ণ করে সেটি প্রমাণ করা অব্যাহত রাখার জন্য যারা জড়িত তাদেরকেও আমি ধন্যবাদ জানাবো।"

**সেনেটর আন্না এম. কাপলান বলেছেন,** "বেলমন্ট পার্ক এবং সন্নিহিত অঞ্চলকে পরিষেবা প্রদান করতে একটি পূর্ণ-সময়ের ট্রেন স্টেশনের সংযুক্তি বেলমন্ট পুনর্গঠন প্রকল্পের জন্য গুরুত্বপূর্ণ, এবং অবশেষে LIRR মেইন লাইনে একটি স্টেশন ছিনিয়ে নেওয়া আমার আইনসভার সদস্যদের জন্য একটি বিরাট জয়। আমাদের অধিবাসীদের মতামত শোনানোর জন্য এবং বেলমন্ট পুনর্গঠন প্রকল্পের অংশ হিসাবে এই স্টেশনের সংযুক্তির প্রস্তাবকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গভর্নর কূওমোর এই জেদি নেতৃত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

**সেনেটর টড কামিনস্কি বলেন,** "এই একদম নতুন ট্রেন স্টেশনটি বেলমন্টের প্রস্তাবিত কমপ্লেক্সের একটি অবিচ্ছেদ্য অংশ কারণ এটি অঞ্চলটির ভিড়ে ঠাসা রাস্তাগুলির একটি পরিবেশবান্ধব বিকল্প প্রদান করে এবং অনেকদিন ধরে চাইবার পরে এলমন্টের অধিবাসীদের তাদের নিজস্ব স্টেশনটিতে অ্যাক্সেস করার প্রস্তাব দেয়। মুখ্য পরিকাঠামোয় এই বিনিয়োগটি, এই প্রকল্পটি লং আইল্যান্ডের যে উজ্জ্বল অর্থনৈতিক সম্ভাবনা খুলে দিতে পারে তার সাথে সামঞ্জস্যপূর্ণ। লং আইল্যান্ডের অর্থনীতিকে উন্নত করার জন্য গভর্নর কুওমোর একনিষ্ঠ অঙ্গীকারবদ্ধতার জন্য তাকে ধন্যবাদ।"

**অ্যাসেম্বলি সদস্য ক্লাইড ভ্যানেল বলেন,** "পূর্ণ-সময়ের বেলমন্ট লং আইল্যান্ড রেল রোডের ঘোষণা শুনে আমরা উচ্ছ্বসিত। অনেক দিন ধরে ইষ্টার্ন কুইন্স এবং এলমন্ট কমিউনিটির বিকল্প পরিবহন ব্যবস্থার প্রয়োজন ছিল। সেইসাথে, কমিউনিটিতে অর্থনৈতিক সুবিধাগুলি সম্পর্কেও আমরা উত্সাহিত।"

**নাসাউ কাউন্টি-এর এক্সিকিউটিভ লরা কুরান বলেন,** "অবশিষ্ট অঞ্চলের মানুষদের পাশাপাশি, আমি আমাদের অঞ্চলের অধিবাসীদেরও লং আইল্যান্ডে একটি স্থায়ী, অত্যাধুনিক আবাস চাই। এবং নাসাউ কাউন্টি এক্সিকিউটিভ হিসাবে, আমাদের 'ল্যান্ড অফ নো' হওয়ার থেকে আটকানোকে আমি অগ্রাধিকার দিয়েছি। আমি আত্মবিশ্বাসী যে এই প্রকল্পটি লং আইল্যান্ডের অধিবাসীদের প্রকৃত,

দীর্ঘমেয়াদী সুবিধা প্রদান করবে। চাকরির ক্ষেত্রে 'হ্যাঁ', অর্থনৈতিক সুবিধার ক্ষেত্রে 'হ্যাঁ' এবং ভবিষ্যতের উন্নয়নশীল একটি লং আইল্যান্ড তৈরি জন্য 'হ্যাঁ' বলা যাক।"

"একটি শহর এবং একটি অঞ্চল হিসাবে, লং আইল্যান্ড রেল রোড আমাদের সাথে উন্নতি না করলে আমরা উন্নত হতে পারব না, তাই বেলমন্ট পার্কের প্রস্তাবিত এরিনা সন্নিহিত কমিউনিটিগুলিকে যাতায়াতের সুবিধা প্রদানকারী একটি পূর্ণ পরিষেবার ট্রেন স্টশনকে অন্তর্ভুক্ত করতে এই প্রথম পদক্ষেপটি নেওয়ার দ্বারা আমাদের অধিবাসীদের সমস্যার কথা ভাবার জন্য আমি গভর্নর কুওমো এবং স্টেট অফ নিউ ইয়র্ককে ধন্যবাদ জানাবো", **হ্যাম্পস্ট্যাড টাউন সুপারভাইজার লরা গিলেন বলেন।** "যেহেতু বহু সংখ্যক হ্যাম্পস্ট্যাড অধিবাসীদের জন্য বাড়ির কাছাকাছি একটি রেলপথের বিকল্প প্রদান করতে আমাদের কমিউনিটিগুলিতে অ্যাক্সেস করা আবশ্যক সেইসাথে যানবাহন কমানো এবং সকলের জন্য অর্থনৈতিক সুযোগ বৃদ্ধির জন্য স্টেশনটির অবস্থানই মুখ্য বিষয়।"

**লং আইল্যান্ড অ্যা সোসিয়েশনের (Long Island Association) প্রেসিডেন্ট এবং মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেভিন ল, বলেছেন,** "বেলমন্ট পুনর্গঠন প্রকল্পটি আমাদের অর্থনীতিকে উজ্জীবিত করবে, আমাদের কমিউনিটিগুলিকে প্রাণবন্ত করবে, এবং আইল্যান্ড বাসীদের জন্য একটি নতুন আবাস নির্মাণ এবং সার্বজনীন পরিবহনে বিনিয়োগ করার পাশাপাশি আমাদের সদস্যদের উন্নতিলাভ করতে সহায়তা করবে। এই প্রকল্পটি এলমন্টের জন্য, লং আইল্যান্ডের ব্যবসা এবং কর্মচারিদের জন্য, আমাদের স্টেটের অর্থনীতির জন্য একটি জয়।"

**সান্ড্রা স্মিথ, এলমন্ট কমিউনিটি নেতা এবং এলমন্ট ভিশন প্ল্যানের (Elmont Vision Plan) সহকারী-স্রষ্টা, বলেছেন,** "এই প্রকল্পটি আমাদের অর্থনীতিকে একটি অনুপ্রেরণা এবং আমাদের কমিউনিটির প্রাপ্য পূর্ণ-সময়ের ট্রেন স্টেশন প্রদান করবে। এলমন্টের দীর্ঘদিনের প্রয়োজনীয় যথাযোগ্য অর্থনৈতিক উন্নয়ন এবং একটি নতুন সার্বজনীন পরিবহনের বিকল্প – এলমন্ট ভিশন প্ল্যানের দুটি স্তম্ভ যার জন্য আমরা দীর্ঘদিন ধরে চেষ্টা করছি, তা প্রদান করার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ। এগুলি হল আমাদের কমিউনিটিতে বিনিয়োগ যা বহু বছর ধরে ফল দেবে।"

**থমাস যে. গ্রেচ, কুইন্স চেম্বার অফ কমার্সের (Queens Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, বলেছেন,** "দি কুইন্স চেম্বার অফ কমার্স এই বেলমন্ট পুনর্গঠন প্রকল্পকে পূর্ণ সমর্থন করে, বিশেষ করে যেহেতু এটি কুইন্স কাউন্টির বহু ব্যবসার সাথে সম্পর্কিত এবং তাদের উপকার করবে। উপরন্তু, এই অঞ্চলে বড় এবং ছোটো ব্যবসাগুলিকে সহায়তা করতে বিশেষভাবে ডিজাইন করা প্রোগ্রামগুলি বাস্তবায়িত করার জন্য আমরা স্থানীয় নির্বাচিত কর্মকর্তাদের সাথে কাজ করার অপেক্ষায় থাকব।"

###